

# EMBASSY OF THE UNITED STATES OF AMERICA

## PUBLIC AFFAIRS SECTION

TEL: 880-2-883-7150-4

FAX: 880-2-9881677, 9885688

E-MAIL: [DhakaPA@state.gov](mailto:DhakaPA@state.gov)

WEBSITE: <http://dhaka.usembassy.gov>



## সংবাদ বিজ্ঞপ্তি

### ঢাকায় শুরু হচ্ছে এশিয়া আঞ্চলিক উচ্চ শিক্ষা সম্মেলন

ঢাকা, ৬ই অক্টোবর -- আগামী ৬-৮ অক্টোবর ঢাকায় অনুষ্ঠিতব্য “বিশ্ব চ্যালেঞ্জ মোকাবেলায় উচ্চ শিক্ষা” শীর্ষক এশিয়া আঞ্চলিক উচ্চ শিক্ষা সম্মেলনে যোগ দিতে এশিয়ার বিভিন্ন অঞ্চলের বিশ্ববিদ্যালয়, ব্যবসা প্রতিষ্ঠান, ফাউন্ডেশন এবং রাষ্ট্র থেকে প্রতিনিধিরা ঢাকায় আসতে শুরু করেছেন।

যুক্তরাষ্ট্র আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা (ইউএসএআইডি)’র মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) যৌথ উদ্যোগে যুক্তরাষ্ট্র সরকার এই এশিয়া আঞ্চলিক উচ্চ শিক্ষা সম্মেলনের পৃষ্ঠপোষকতা করছে। সম্প্রতি ওয়াশিংটন ডিসিতে অনুষ্ঠিত বিশ্ব উচ্চ শিক্ষা সম্মেলনের ধারাবাহিকতায় অনুষ্ঠিত হচ্ছে এই সম্মেলন। পররাষ্ট্র সচিব কভেলিৎসা রাইস, শিক্ষা সচিব মার্গারেট স্পেলিংস এবং ইউএসএআইডি প্রশাসক ও যুক্তরাষ্ট্র বৈদেশিক সহায়তা বিষয়ক পরিচালক হেনরিয়েটা ফোর ওয়াশিংটন সম্মেলন আহ্বান করেন। এই সম্মেলনের উদ্দেশ্য ছিল বিশ্বব্যাপী সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নে যুক্তরাষ্ট্র ও বিদেশী উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের প্রভাব ও ভূমিকার সম্প্রসারণ।

প্রায় ১৩০জন বিশ্ববিদ্যালয় প্রেসিডেন্ট ও ভাইস-চ্যান্সেলর, ব্যবসা প্রতিষ্ঠান ও ফাউন্ডেশনের উর্ধ্বতন নির্বাহী এবং সরকারী কর্মকর্তা এই গুরুত্বপূর্ণ আঞ্চলিক সম্মেলনের জন্য একত্রিত হচ্ছেন। তাদের উদ্দেশ্য হচ্ছে পারস্পরিক কৌশল বিনিময় এবং বিশ্ববিদ্যালয়, বহুজাতিক সংস্থা ও ফাউন্ডেশন সমূহের মধ্যে অংশীদারিত্বের জন্য সুযোগ অনুসন্ধান করা।

এই সম্মেলনে খাদ্য নিরাপত্তা, মহিলা উদ্যোগ, শিক্ষক প্রশিক্ষণ এবং প্রাকৃতিক দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ে আলোচনা করা হবে। এই অঞ্চলের দেশসমূহ যেসব গুরুত্বপূর্ণ বিষয় মোকাবেলা করছে তার নতুন ও সৃজনশীল সমাধান উদ্ভাবনেও এই সম্মেলন সাহায্য করবে।

যেসব দেশ এই সম্মেলনে প্রতিনিধিত্ব করবে তাদের মধ্যে রয়েছে আফগানিস্তান, বাংলাদেশ, কম্পুচিয়া, ভারত, ইন্দোনেশিয়া, কিরগিজ প্রজাতন্ত্র, নেপাল, পাকিস্তান, ফিলিপাইন, কাতার, শ্রীলংকা, তাজিকিস্তান, থাইল্যান্ড, তিমোর-লেস্তি, যুক্তরাষ্ট্র ও ভিয়েতনাম।

=====

জিআর/২০০৮

**দ্রষ্টব্য:** এই সংবাদ বিজ্ঞপ্তির ইংরেজি ভাষ্য ‘আমেরিকান সেন্টার’-এ পাওয়া যাবে। যদি আপনি ইংরেজি ভাষ্যটি পেতে আগ্রহী হন, তবে ‘আমেরিকান সেন্টার’-এর প্রেস সেকশনে (টেলিফোন: ৮৮৩৭১৫০-৪, ফ্যাক্স: ৯৮৮৫৬৮৮; ই-মেইল: [DhakaPA@state.gov](mailto:DhakaPA@state.gov) এবং ওয়েবসাইট: [dhaka.usembassy.gov](http://dhaka.usembassy.gov)) যোগাযোগ করুন।